

প্রাপ্তবয়স্কদের জন্য নতুন স্বাস্থ্য বিমা

জানুয়ারি 1, 2019 থেকে শুরু করে ভার্জিনিয়ায় বসবাসকারী আরও প্রাপ্তবয়স্ক ব্যক্তি বিনাব্যয়ে অথবা কম খরচে উচ্চমানের স্বাস্থ্য বিমার সুবিধা পাবেন!

1. প্রাপ্তবয়স্কদের জন্য নতুন স্বাস্থ্য বিমাটি কী?

Medicaid এর বিধিগুলির পরিবর্তন ঘটেছে। এর অর্থ হল যদি আপনি অতীতে Medicaid এর জন্য আবেদন করে প্রত্যাখ্যাত হয়ে থাকেন, তাহলে এখন যোগ্য হতে পারেন। 2018 সালের 1 নভেম্বর থেকে শুরু করে Medicaid এর মাধ্যমে আরও বেশি সংখ্যক মানুষ স্বাস্থ্য বিমার জন্য আবেদন করতে পারেন। সুবিধাগুলি 1 জানুয়ারি 2019 থেকে পাওয়া যাবে।

যাঁরা খুচরা বিপণি, নির্মাণকর্ম, শিশু পরিচর্যা, ল্যাঙ্কস্কেপিং, খাদ্য পরিষেবা এবং এমন অন্যান্য কাজে নিযুক্ত আছেন যেখানে স্বাস্থ্য বিমার সুবিধা দেওয়া হয় না, তাঁরা যোগ্য হতে পারেন।

প্রাপ্তবয়স্কদের জন্য এই নতুন স্বাস্থ্য বিমা স্বল্প আয়ের পরিবারগুলিকে, যাঁরা অন্যথায় স্বাস্থ্য পরিষেবায় প্রবেশাধিকার পেতেন না, দারুণ সুযোগ-সুবিধা দিচ্ছে।

2. কী কী এই বিমার অন্তর্ভুক্ত?

নতুন স্বাস্থ্য বিমায় প্রাপ্তবয়স্কদের জন্য নিম্নলিখিত সুবিধাগুলি অন্তর্ভুক্ত:

- ডাক্তার, হাসপাতাল এবং সংকটকালীন পরিষেবা
- প্রেসক্রিপশনের ওষুধপত্র
- ল্যাবরেটরি এবং এক্স-রে পরিষেবা
- প্রসূতি এবং সদ্যোজাত শিশুর পরিচর্যা
- দীর্ঘমেয়াদি পরিচর্যা এবং সহায়তা পরিষেবা
- গৃহে স্বাস্থ্য পরিষেবা
- আচরণগত স্বাস্থ্য পরিষেবার মধ্যে আছে আসক্তি এবং তা কাটিয়ে ওঠা সংক্রান্ত পরিষেবা
- পুনর্বাসন পরিষেবার অন্তর্ভুক্ত হল শারীরিক, পেশাগত এবং কথা বলা সংক্রান্ত চিকিৎসা পরিষেবা।
- যখন কোনও বিকল্প পাওয়া যাবে না, তখন Medicaid-এর অন্তর্ভুক্ত পরিষেবায় যাতায়াতের ব্যবস্থা করা
- পরিবার পরিকল্পনা পরিষেবা
- চিকিৎসা সরঞ্জাম এবং সরবরাহ
- রোগ প্রতিরোধমূলক ও সুস্থ থাকার পরিষেবা এবং দীর্ঘমেয়াদি চিকিৎসা পরিচালনা পরিষেবা
- এবং আরও অনেক কিছু!

3. কারা বিমার অন্তর্ভুক্ত?

প্রাপ্তবয়স্করা নতুন স্বাস্থ্য বিমার যোগ্য হতে পারেন যদি তাঁরা:

- ভার্জিনিয়ায় বসবাস করেন
- তাঁদের বয়স 19 – 64 এর মধ্যে হয়
- যদি Medicare না পেতে থাকেন অথবা তার যোগ্য না হন
- আয় সম্পর্কিত শর্তাবলী পূরণ করেন, যা পরিবারের আকার অনুযায়ী ভিন্ন ভিন্ন হতে পারে

প্রাপ্তবয়স্কদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে আয় সংক্রান্ত সীমা (মোট)*

পরিবারের আকার	মাসিক	বার্ষিক
1	\$1,469	\$17,775
2	\$1,983	\$24,040
3	\$2,499	\$30,305
4	\$3,014	\$36,570
5	\$3,529	\$42,836
6	\$4,044	\$49,101

* 13 জানুয়ারি 2021 থেকে কার্যকর আয়ের সীমার পরিমাণ বার্ষিক ভিত্তিতে নির্ণয় করা হয়েছে।

4. আমি কীভাবে আবেদন করব?

নিম্নলিখিতগুলির মধ্যে যে কোনও একটি উপায়ে আপনি স্বাস্থ্য বিমার জন্য আবেদন করতে পারেন:

- কভার ভার্জিনিয়া কল সেন্টার (Cover Virginia Call Center)-কে 1-855-242-8282 নম্বরে টেলিফোন করুন। দোভাষীদের পাওয়া যাবে। আমাদের প্রতিনিধিরা আপনার সঙ্গে এমন কারও যোগাযোগ করিয়ে দেবেন, যিনি আপনার পছন্দের ভাষা বলতে পারেন।
- কমন হেল্প (Common Help)-এ অনলাইন আবেদন সম্পূর্ণ করুন: www.commonhelp.virginia.gov
- দ্য হেলথ ইন্সিওরেন্স মার্কেটপ্লেস (The Health Insurance Marketplace)-এ অনলাইন আবেদন সম্পূর্ণ করুন: www.healthcare.gov
- আপনার স্থানীয় ডিপার্টমেন্ট অথবা সোশ্যাল সার্ভিসেস-কে কাগজে লেখা আবেদন ডাকযোগে পাঠান অথবা ব্যক্তিগতভাবে গিয়ে ফেলে আসুন

আবেদন করার সময় আপনার প্রয়োজন হবে এমন নথিগুলির তালিকার জন্য www.coverva.org দেখুন এবং আবেদন (Apply) পৃষ্ঠায় ক্লিক করুন।

